দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 22 APR 2017 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৮ ...

# শিক্ষাব্যবস্থা জাতীয়করণ ঘোষণার দাবি শিক্ষক সমিতির

■ ইত্তেফাক রিপোর্ট

বৈশাখী ভাতা ও ৫ শতাংশ ইনক্রিমেন্ট প্রদানসহ বেসরকারি শিক্ষক-কর্মচারীদের চাকরি অবিলম্বে জাতীয়করণ ঘোষণার দাবি জানিয়েছেন বাংলাদেশ শিক্ষক সমিতি। গৃতকাল বৃহস্পতিবার বাংলাদেশ শিক্ষক সমিতির কেন্দ্রীয় সভাপতি নজরুল ইসলাম রনি এবং মহাসচিব মো. রিয়াজ উদ্দিন এক যৌথ বিবৃতিতে এ দাবি জানান।

বিবৃতিতে তারা বলেন, এমপিওভুক্ত ৫ লাখ শিক্ষক-কর্মচারীকে প্রধানমন্ত্রীর ঘোষিত বৈশাখী ভাতা থেকে বঞ্চিত করে শিক্ষক সমাজের সাথে বিমাতা সুলভ আচরণ করা হয়েছে। এতে শিক্ষক সমাজে তীব্র ক্ষোভ ও অসন্তোষ দেখা দিয়েছে। অবিলম্বে বৈশাখী ভাতা ও ৫ শতাংশ ইক্রিমেন্ট ২০১৫ সাল থেকে বকেয়া প্রদানের দাবি জানিয়েছেন তারা। একই সঙ্গে এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের চাকরি জাতীয়করণসহ ননএমপিও শিক্ষা প্রতিষ্ঠানকে অবিলম্বে এমপিওভুক্ত করার দাবি জানানো হয়। তা না হলে ন্যায্য দাবি আদায়ে শীঘ্রই সংবাদ সম্মেলন করে কঠোর কর্মসূচি দেওয়া হবে বলে জানান শিক্ষক নেতৃবৃন্দ।